

পরীক্ষা দিয়েও বাউবির পাচশ এইচএসসি পরীক্ষার্থী অনুপস্থিত

বরিশাল অফিস

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এইচএসসি প্রোগ্রামের পাচশ শিক্ষার্থী পরীক্ষা দিলেও তাদের অনুপস্থিত দেখানো হয়েছে। এ নিয়ে শিক্ষার্থীরা পড়েছেন

অনিচ্ছন্নতায়। কারণ সংশ্লিষ্ট ফলাফলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা উত্তীর্ণ বলে বিবেচিত হলেও আসন্ন স্নাতক শ্রেণীতে তাদের ভর্তির সুযোগ থাকছে না।

জানা গেছে, বাউবির এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ হয় বৃহস্পতিবার। এতে বরিশালের দুটি পরীক্ষা কেন্দ্রের পাচশ পরীক্ষার্থীকে অনুপস্থিত দেখানো হয়েছে। কেন্দ্র দুটি হচ্ছে অমৃত লাল দে কলেজ ও সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ।

কথিত অনুপস্থিত পরীক্ষার্থীরা ইতিহাস, গার্বদ্যা অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, হিসাব বিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ, অর্থনীতি ও বাণিজ্য বিষয়ের পরীক্ষায় অংশ নিয়েছিল।

অমৃত লাল দে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ওপংকর চক্রবর্তী জানান, তার কলেজ কেন্দ্রে প্রায়শই শতাধিক পরীক্ষার্থী বাউবির পরীক্ষায় অংশ নেয়। এদের অনুপস্থিত ও ফেল দেখানো হয়েছে।

বাউবির বরিশাল আঞ্চলিক কেন্দ্রের পরিচালক জানান, ঢাকায় কমপিউটারে ভুলের কারণে এমন হয়েছে। তিনি সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের আগামী ১৫ দিনের মধ্যে

পরীক্ষা দিয়েও বাউবির

(শেষ পৃষ্ঠার পর)

ফলাফল পেতে আবেদন করতে বলেন। এদিকে আগামী ১৫ দিনের মধ্যে আবেদন করে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা ফল পেলেও এতে উত্তীর্ণরা আগামী স্নাতক শ্রেণীতে ভর্তি হতে পারবে না। কারণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক শ্রেণীতে ভর্তির শেষ তারিখ চমকি বছরের ১৪ জুন। এ নিয়ে পরীক্ষার্থীদের মধ্যে হতাশা দেখা দিয়েছে।